পাকিস্তানকে হারিয়ে বাংলাদেশের এমপিদের উড়ন্ত সূচনা

ইংল্যান্ডে সংসদ সদস্যদের বিশ্বকাপে উড়ন্ত সূচনা করেছে বাংলাদেশ। নিজেদের প্রথম ম্যাচে পাকিস্তানের সংসদ সদস্যদের ১২ রানে হারিয়েছে বাংলাদেশ।

ইন্টার পার্লামেন্টারি ক্রিকেট ওয়ার্ল্ডকাপ- ২০১৯’র প্রথম ম্যাচটি স্থানীয় সময় বুধবার লন্ডনের চিসউইক বার্লিংটন লেন মাঠে ১২ রানে পাকিস্তানকে হারায় বাংলাদেশ।

ম্যাচে প্রথমে ব্যাট করতে নেমে বাংলাদেশ সংসদীয় দল ১৫ ওভারে ৫ উইকেটে ১৩৫ রান সংগ্রহ করে। জবাবে পাকিস্তান সংসদীয় ক্রিকেট দল ১২৩ রানে গুটিয়ে যায়। বাংলাদেশ দলের নেতৃত্ব দিচ্ছেন জাতীয় দলের সাবেক অধিনায়ক নাঈমুর রহমান দুর্জয়।

সংসদ সদস্যদের নিয়ে আয়োজিত এই টুর্নামেন্টে বাংলাদেশ-পাকিস্তান ছাড়াও অংশ নিচ্ছে ভারত, শ্রীলঙ্কা, ওয়েস্ট ইন্ডিজ, ইংল্যান্ড, অস্ট্রেলিয়া, নিউজিল্যান্ড, দক্ষিণ আফ্রিকা ও আফগানিস্তান।

আটটি দেশ দুই গ্রুপে ভাগ হয়ে খেলবে। ‘এ’ গ্রুপে আছে স্বাগতিক ইংল্যান্ড, অস্ট্রেলিয়া, ভারত ও আফগানিস্তান। ‘বি’ গ্রুপে আছে বাংলাদেশ, নিউজিল্যান্ড, দক্ষিণ আফ্রিকা ও পাকিস্তানের সংসদীয় ক্রিকেট দল। প্রতিটি ম্যাচ হবে ১৫ ওভার করে।

১১ জুলাই বাংলাদেশ খেলবে বাকি দুই ম্যাচ। প্রতিপক্ষ যথাক্রমে দক্ষিণ আফ্রিকা ও নিউজিল্যান্ডের বিপক্ষে। বৃহস্পতিবার সকাল ১০টায় লন্ডনের উলউইচের মিলিটারি একাডেমি মাঠে শুরু হবে বাংলাদেশ-দক্ষিণ আফ্রিকার ম্যাচটি।

আর বেলা আড়াইটায় মাঠে গড়াবে বাংলাদেশ ও নিউজিল্যান্ড ম্যাচ। বাংলাদেশ দলের নেতৃত্ব দিচ্ছেন জাতীয় দলের সাবেক অধিনায়ক ও প্রথম টেস্ট অধিনায়ক নাইমুর রহমান দুর্জয়।

১২ জুলাই হবে ফাইনাল। সেমিফাইনাল ও ফাইনাল হবে কেন্টের বেকেনহাম ক্রিকেট ক্লাব মাঠে।

বাংলাদেশ সংসদীয় দলে যারা আছেন

শাহরিয়ার আলম এমপি (পররাষ্ট্র প্রতিমন্ত্রী), মোহাম্মদ জাহিদ আহসান রাসেল এমপি (ক্রীড়া ও যুব প্রতিমন্ত্রী), জুনাইদ আহমেদ পলক এমপি (তথ্য ও যোগাযোগ প্রতিমন্ত্রী), নাজমুল হাসান পাপন এমপি (বিসিবি সভাপতি), আব্দুল্লাহ আল ইসলাম জ্যাকব এমপি (চেয়ারম্যান, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়), এ এম নাইমুর রহমান দুর্জয় এমপি (মানিকগঞ্জ-১), নাহিম রাজ্জাক এমপি (শরীয়তপুর-৩), জুয়েল আরেঙ এমপি (ময়মনসিংহ-১), মোহাম্মদ আনোয়ারুল আজিম এমপি (ঝিনাইদহ-৪), শেখ তন্ময় এমপি (বাগেরহাট-২), ছোট মনির এমপি (টাঙাইল-২), আনোয়াারুল আবেদিন খান তুহিন এমপি (ময়মনসিংহ-৯), নুরুন্নবী চৌধুরী এমপি (ভোলা-৩), মুজিবুর রহমান চৌধুরী নিক্সন এমপি (ফরিদপুর-৪), আহসান আদেলুর রহমান আদিল এমপি (নীলফামারী-৪), মোহাম্মদ সানোয়ার হোসেন এমপি (টাঙাইল-৫), মোহাম্মদ শফিকুল ইসলাম শিমুল এমপি (নাটোর-২), ফাহমি গোলন্দাজ বাবেল এমপি (ময়মনসিংহ-১০), মোহাম্মদ আয়েন উদ্দিন এমপি (রাজশাহী-৩) এবং ব্যারিস্টার শামীম হায়দার পাটোয়ারী এমপি (গাইবান্ধা-১)।